

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০২৮.১৫.২২৭৫

তারিখঃ ১৫/০৫/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে ময়মনসিংহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ ১) ময়মনসিংহ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০৭৪.১৫.১১৮, তারিখঃ ২৫/২/২০১৬।  
২) ময়মনসিংহ জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০২.১৪.০৭৪.১৫.১৯০, তারিখঃ ২৭/৩/২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ১৬,০০,০০০/- (ষোল লক্ষ) টাকায় গৃহীত নিম্নে বর্ণিত ৩টি প্রশিক্ষণ প্রকল্প বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্রঃ নং	প্রশিক্ষণ প্রকল্পের নাম	প্রশিক্ষণের ব্যয় (লক্ষ টাকায়)
১.	ময়মনসিংহ জেলার শিক্ষিত ও বেকার যুবক/যুবতীদের বেসিক কম্পিউটার প্রশিক্ষণ	১.০০
২.	ময়মনসিংহ জেলার বেকার যুব ও যুব মহিলাদের অংশগ্রহণে অনলাইনে অর্থ উপার্জন বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করে তাদের দ্বারা স্বাবলম্বি করে গড়ে তোলার লক্ষ্যে উচ্চতর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স	১.০০
৩	ময়মনসিংহ জেলার সদর, মুক্তাগাছা, ফুলবাড়ীয়া ও ত্রিশাল উপজেলার দুঃস্থ, অসহায়, স্বামী পরিত্যক্ত ও বিধবা মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও ১০০টি মেশিন বিতরণ	১৪.০০
	মোট=	১৬.০০

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ, উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ, উপজেলা নির্বাহী অফিসার, সদর ময়মনসিংহ, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, ময়মনসিংহ এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৬) পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা এবং উপ পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ এর উপস্থিতিতে সেলাই মেশিন বিতরণ করতে হবে; বিতরণ শেষে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

  
জুবাইদা নাসরীন  
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, ময়মনসিংহ।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)